# যুগান্তর

তারিখ 21 MAR 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৬

## শরণখোলায় ২ এসএসসি পরীক্ষার্থীর কান কেটে দিয়েছে অপর পরীক্ষার্থী

শরণখোলা (বাগেরহাট) প্রতিনিধি

শরণখোলায় ক্ষুর দিয়ে দুই এসএসসি পরীক্ষার্থীর কান কেটে দিয়েছে অপর এক এসএসসি পরীক্ষার্থী। এ সময় ক্ষুরের আঘাতে তাদের শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত জখম হয়। ঘটনার পর আহত দুজনকে আশংকাজনক অবস্থায় প্রথমে শরণখোলা হাসপাতালে চিকিৎসা দিয়ে পরে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে। প্রেমঘটিত বিষয় নিয়ে শুক্রবার সকাল ৯টার দিকে এ ঘটনা ঘটে উপজেলা সদর রায়েন্দা বাজারের শেরেবাংলা সড়কে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকাল ৯টায় উপজেলা সদরের শেরে বাংলা সড়কে অবস্থানকালে এসএসসি পরীক্ষার্থী উপজেলার গোলবুনিয়া গ্রামের আ. হালিম খানের ছেলে তাইজুল ইসলাম ও রাজৈর গ্রামের মৃত [illegible]লিল তালুকদারের ছেলে জাহিদ হাসান রাব্বির ওপর অতর্কিতে হামলা চালায় অপর পরীক্ষার্থী গোলবুনিয়া গ্রামের সাইদ হাওলাদারের ছেলে বখাটে আরিফ ও অন্যরা। এতে তাইজুল এবং রাব্বির কান কেটে যায়। এছাড়া তাইজুলের পেট ও পিঠে ক্ষুরের আঘাতে বেশ ক্ষত হয়।